জিএসটি (GST) গুচ্ছভুক্ত রাবিপ্রবি-তে ভর্তির জন্য অত্যাবশ্যকীয় শর্তাবলি

রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রাবিপ্রবি) এ ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) ১ম বর্ষে ভর্তির জন্য যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থী GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

১। অনুষদ, বিভাগ ভিত্তিক আসন সংখ্যা এবং আবেদনের অত্যাবশ্যকীয় শর্তাবলি:

ক্র: নং	অনুষদ	বিভাগ ও আসন সংখ্যা	অত্যাবশ্যকীয় শর্তাবলি
ক।	সায়েন্স, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (৫০)	GST- A ইউনিটে সিএসই বিভাগে ভর্তির জন্য এইচএসসি/সমমান পরীক্ষায় গণিত বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ থাকবে হবে। ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের মধ্যে গণিত বিষয়ে উত্তরদাতাদেরকে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
খ।	এগ্রিকালচারাল এন্ড বায়োলজিক্যাল সায়েন্স	ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স (৩০) ফিশারিজ এন্ড মেরিন রিসোর্সেস টেকনোলজি (৩০)	GST-A ইউনিটে ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের মধ্যে জীববিজ্ঞান বিষয়ে উত্তরদাতাদেরকে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
গ।	বিজনেস এডমিনিস্ট্রেশন	ম্যানেজমেন্ট (৫০) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট (৩০)	GST- C ইউনিটে ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের ক্ষেত্রে ইংরেজি বিষয়ে প্রাপ্ত স্কোরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হবে।
মোট=	অনুষদ ৩ টি	আসন সংখ্যা ১৯০ টি	

২। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে আবেদনের অত্যাবশ্যকীয় শর্তাবলি এবং আসন বন্টন:

ক্র: নং	অনুষদ	বিভাগ	অত্যাবশ্যকীয় শর্তাবলি
ক।	বিজনেস এডমিনিস্ট্রেশন	ম্যানেজমেন্ট ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট	➢ GST-A ইউনিট হতে রাবিপ্রবির বিজনেস এডমিনিস্ট্রেশন অনুষদে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের মধ্যে GST ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের ক্ষেত্রে উক্ত পরীক্ষায় গণিতে প্রাপ্ত স্কোরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হবে। ➢ GST-B ইউনিট হতে রাবিপ্রবির বিজনেস এডমিনিস্ট্রেশন অনুষদে আবেদনের জন্য GST ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের মধ্যে উক্ত পরীক্ষায় ইংরেজি বিষয়ে প্রাপ্ত স্কোরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেওয়া হবে।
বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে আসন বন্টন- GST- C ইউনিট হতে বিজনেস এডমিনিস্ট্রেশন অনুষদে ভর্তির জন্য ৮০%, GST- A ইউনিট হতে বিজনেস এডমিনিস্ট্রেশন অনুষদে ভর্তির জন্য ১৩% এবং GST- B ইউনিট হতে বিজনেস এডমিনিস্ট্রেশন অনুষদে ভর্তির জন্য ৭% আসন সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, এক্ষেত্রে GST- A ও B ইউনিট থেকে যোগ্য শিক্ষার্থী পাওয়া না গেলে GST- C ইউনিট হতে শূণ্য আসন পূরণ করা হবে।			

৩। উপর্যুক্ত আসনের মধ্যে কোটায় ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা (FFQ), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা (EMQ), নন-ট্রাইবাল কোটা (পার্বত্য চট্টগ্রামের স্থায়ী বাসিন্দা)-NTQ, পোষ্য কোটা (WAQ), প্রতিবন্ধী কোটা (PCQ) এবং খেলোয়াড় কোটা (SPQ) অন্তর্ভুক্ত থাকবে। কোটায় ভর্তির ক্ষেত্রে আবেদনের সময় অবশ্যই সঠিক কোটা নির্বাচন করে আবেদন করতে হবে।

৪। ভর্তির আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। ভর্তির পরে আবেদনপত্রে কোন ভুল/মিথ্যা তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে ভর্তিকৃত শিক্ষার্থীর ভর্তি বাতিল হবে ও সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। উপর্যুক্ত শর্তাবলিতে যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।